

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০০১.১৮.১৬৩.২৪ - ২৬৪

তারিখ: ০৪/০৮/২০২৬

বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্ব-স্ব শাখা নিজ উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬/০৪/২০২৬ তারিখে মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর পরিদর্শন কালে বেশ কিছু অসংগতি পর্যবেক্ষণ করেন। যেমন: করিডোরে পরিত্যক্ত-অকেজো মালামাল, কক্ষে অপরিচ্ছন্ন ফাইলপত্র এলোমেলো অবস্থায় দেখতে পান। যা একটি প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে।

এমতাবস্থায়, মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল শাখা প্রধানকে তার নিজ দায়িত্বে শাখা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সকল শাখা প্রধান সপ্তাহে ১ (এক) দিন তাঁর শাখা পরিদর্শন করে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শবনম শিরিন)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ০২৫৮৩১০৭৭০

কার্যার্থে বিতরণ:

- ১। উপপরিচালক (সকল)..... মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (সকল),শাখার দায়িত্ব প্রাপ্ত, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।।

জ্ঞাতার্থে বিতরণ :

- ১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী(বিষয়টি অবগতির জন্য) মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
- ২। পরিচালক এর ব্যক্তিগত সহকারী(বিষয়টি অবগতির জন্য) মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।।
- ৩। অফিস কপি।